

২০২১

বাংলা — সাম্মানিক

প্রথম সেমিস্টার

পত্র : CC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) স্বনিম কাকে বলে? উদাহরণসহ বিভাজ্য ও অবিভাজ্য স্বনিমের পরিচয় দাও। ৩+৭
অথবা,
(খ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলির বর্ণীকরণ করো। ১০
- ২। (ক) বাংলা শব্দার্থ পরিবর্তনের যে-কোনো দুটি ধারা সম্পর্কে আলোচনা করো। ৫+৫
অথবা,
(খ) উদাহরণসহ বঙ্গালী উপভাষার তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ১০
- ৩। (ক) প্রত্যয় কাকে বলে? শ্রেণিবিভাগ করে যে-কোনো এক শ্রেণির প্রত্যয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+২+৬
অথবা,
(খ) বাংলা ভাষায় লিঙ্গ কয় প্রকার ও কী কী? উদাহরণসহ পরিচয় দাও। ৫+৫
- ৪। (ক) আগন্তুক বা কৃতঋণ শব্দ বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫
অথবা,
(খ) উচ্চারণ প্রকৃতি অনুসারে স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের প্রধান পার্থক্য বিষয়ে আলোচনা করো। ৫
- ৫। (ক) দুটি বাংলা শব্দ নির্বাচন করে জোড়কলম পদ্ধতিটি বুঝিয়ে দাও। ৫
অথবা,
(খ) উদাহরণসহ রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) অব্যয় কাকে বলে? বাংলা বাক্যগঠনে অব্যয়ের তিনরকম ব্যবহার দেখাও।

২+৩

অথবা,

(খ) নতুন শব্দগঠনে সমাস-এর ভূমিকা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) ব্যঞ্জনধ্বনির অন্তর্গত দন্ত্যধ্বনির পরিচয় দাও।

(খ) উল্লিখিত শব্দগুলির শ্রেণি ও মূল শব্দ উল্লেখ করো—

রান্না, লাট, দাম, খিদে, সূর্য।

(গ) টীকা লেখো— বাংলা বচন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) বাংলা মৌলিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?

(খ) একটি তাড়িত ধ্বনির উদাহরণ দাও।

(গ) ‘আলতা’ শব্দটির উৎস শব্দ লেখো।

(ঘ) অল্পপ্রাণ ধ্বনি কীভাবে মহাপ্রাণ হয়?

(ঙ) লোক > লক — কোন উপভাষায় বলা হয়?

(চ) ভুলিতে না পারি সীতা — নিম্নরেখ শব্দের কারক বিভক্তি নির্ণয় করো।

(ছ) লিঙ্গ পরিবর্তন করো— প্রহরী, পটু।

(জ) প্রত্যয় নির্দেশ করো— বর্তমান, লক্ষ্মীমন্তু।

(ঝ) আমি বইটি পড়েছি।— ক্রিয়ার কাল নির্দেশ করো।

(ঞ) দেড়শত বছর পূর্বে বাঙালী একরূপ সুখেই ছিল।— বচন নির্দেশ করো।

(ট) দেশি > দিশি— কী জাতীয় ধ্বনি পরিবর্তনের উদাহরণ?

(ঠ) বারোমাস তার দুঃখেই কাটে।— সমাস নির্ণয় করো।

(ড) বিলে জল থেঁ-থেঁ করছে।— কোন জাতীয় পদ?

(ঢ) একটি যৌগিক স্বরধ্বনির উদাহরণ দাও।

(ণ) ঘটমান বর্তমান কাল প্রয়োগ করে একটি বাক্য লেখো।